

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.০১৬.০১৫.১৬ - ২৩৮

তারিখ : ০৯/০৬/২০১৬খিঃ।


বিষয় : ঋণের তথ্য হালনাগাদ এন্ট্রি করে অনলাইনে রিপোর্ট প্রস্তুত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নিম্নতালিকায় বর্ণিত জেলার আওতাধীন উপজেলাসমূহে ঋণ কার্যক্রমের অনলাইন রিপোর্টিং হালনাগাদের কাজ শেষ হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত জেলাধীন সকল উপজেলার অনলাইন ঋণ রিপোর্ট ৩১/০৫/১৬ তারিখে উপজেলা ও জেলা হয়ে প্রধান কার্যালয়ে স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্তির সুযোগ থাকলেও তা কোন কোন উপজেলার দায়িত্ব পালনে অবহেলা ও উদাসীনতার কারণে ০৮/০৬/১৬ তারিখ সকাল ১১.০০ পর্যন্ত পাওয়া যায়নি যা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

২। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে যে সমস্ত উপজেলায় তথ্য হালনাগাদ এন্ট্রি না করার কারণে রিপোর্ট পাওয়া যায়নি তাদেরকে বাধ্যতামূলকভাবে ১৫/০৬/১৬ তারিখের মধ্যে সকল তথ্য হালনাগাদ এন্ট্রি করতে নির্দেশ দেয়া হলো। একই সাথে অব্যাহতভাবে দৈনিক এবং মাসের শেষ কার্যদিবসের মধ্যে অবশ্যই সে মাসের সকল তথ্য (বিতরণ ও আদান-প্রদান) এন্ট্রি করে একই তারিখের মধ্যে রিপোর্ট প্রস্তুত ও তথ্য স্থানান্তর নিশ্চিত করতে হবে। এ বিষয়ে যে কোন ধরনের শিথিলতা পরিহার করতে পরামর্শ দেয়া হলো।

৩। যে সমস্ত উপজেলায় অনলাইন রিপোর্টিং কার্যক্রম শুরু হয়েছে সেসব উপজেলাগুলোতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিদ্যমান ম্যানুয়েল রিপোর্ট প্রদান ও প্রেরণ অব্যাহত রাখতে হবে এবং প্রত্যেক মাসে অনলাইন রিপোর্টের তথ্যের সাথে ম্যানুয়েল রিপোর্টের তথ্য যাচাই করতে হবে এবং কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা প্রধান কার্যালয়ের নজরে আনতে হবে।

৪। সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালকগণকে তাঁর আওতাধীন উপজেলার তথ্য সময়মত হালনাগাদ হয়েছে কিনা তা নিয়মিত তদারকিতে রাখার সুবিধার্থে আলোচনা পাসওয়ার্ড ও আইডি মোবাইল ম্যাসেজ এর মাধ্যমে সরবরাহ করা হবে। প্রতিটি জেলায় অনলাইনে ৫৮ কলামের সমন্বিত রিপোর্ট পাওয়া গেলেও বিদ্যমান ম্যানুয়ালী প্রস্তুতকৃত ৫৮ কলামে সমন্বিত প্রতিবেদন পাঠানোর যে প্রথা চালু রয়েছে তাও পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে। জেলাকেও ম্যানুয়ালী প্রস্তুতকৃত প্রতিবেদনের সাথে অনলাইনের প্রতিবেদনের সঠিকতা নিরূপণ করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

  
(মোঃ শাহীনুর রহমান)  
সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ)  
ফোন : ৯৫১৫০১৯  
Email-addydp@gmail.com

প্রাপকঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর  
----- (১২টি উপজেলা)।

বিতরণঃ ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (৫টি জেলা)।

২। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৮ জুন ২০১৬ তারিখ পর্যন্ত যে সমস্ত উপজেলার মে/২০১৬ মাসের রিপোর্ট পাওয়া গিয়েছে এবং পাওয়া যায়নি তাদের তালিকাঃ

নং	জেলার নাম	রিপোর্ট প্রাপ্ত উপজেলার নাম	রিপোর্ট না পাওয়া উপজেলার নাম	মন্তব্য
০১	রাজশাহী	১। পুটিয়া ২। গোদাগাড়ী ৩। বাঘমারা	১। মোহনপুর ২। বাঘা ৩। চারঘাট ৪। দুর্গাপুর ৫। পবা ৬। তানোর ৭। বোয়ালিয়া	১৫/০৬/১৬ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে সকল উপজেলার তথ্য এন্ট্রি করতে হালনাগাদ করে তথ্য স্থানান্তর করতে হবে।
০২	মাগুরা	১। সদর ২। শালিখা ৩। শ্রীপুর	১। মোহাম্মদপুর	ঐ
০৩	নারায়নগঞ্জ	১। রূপগঞ্জ ২। সদর ৩। আড়াইহাজার	১। সোনারগাঁও ২। বন্দর	ঐ
০৪	গোপালগঞ্জ	১। কাশিয়ানী ২। মুকসুদপুর ৩। সদর	১। কোটালীপাড়া ২। টুংগীপাড়া	কোটালীপাড়া ও টুংগীপাড়ায় এলেক্সে নিয়োজিত প্রতিষ্ঠান এখনও কাজ করছে।
০৫	নরসিংদী			তথ্য এন্ট্রির কাজ বাকী রয়েছে যা জুন/১৬ মাসের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ করা হবে।